

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়



মাদ্রাসা শাখা-০২

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০৫৯.২০.১১৪

তারিখ: ১৫ পৌষ ১৪২৭

৩০ ডিসেম্বর ২০২০

বিষয়: এমপিও সীট সংশোধন করে সহকারী সুপার এর স্থলে উপাধ্যক্ষ উল্লেখপূর্বক তদানুযায়ী বেতন-ভাতা (এমপিও) প্রদানের নিমিত্ত দাখিলকৃত আবেদনের বিষয়ে টিএমইডির নির্দেশনা।  
সূত্র: জনাব আ.জ.ম জমির উদ্দিন আহমদ, সহকারী সুপার, বান্দরবান ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা, বান্দরবান পার্বত্য জেলা হতে প্রাপ্ত ব্যক্তিগত পত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এমপিও সীট সংশোধন করে সহকারী সুপার এর স্থলে উপাধ্যক্ষ উল্লেখপূর্বক তদানুযায়ী বেতন-ভাতা প্রদানের জন্য জনাব আ.জ.ম জমির উদ্দিন আহমদ, সহকারী সুপার, বান্দরবান ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা, বান্দরবান পার্বত্য জেলা কর্তৃক এ বিভাগে আবেদন দাখিল করা হয়েছে।

০২. উক্ত পত্রে জানানো হয়েছে যে, বান্দরবান ইসলামিয়া সিনিয়র মাদ্রাসাটি ১৯৮৮ সালে এমপিওভুক্ত হয়। জনাব আ.জ.ম জমির উদ্দিন আহমদ ১২.০৫.১৯৯৯ তারিখে উক্ত মাদ্রাসায় সহকারী সুপার হিসেবে যোগদান করেছেন।


০৩. আবেদনে আরো উল্লেখ করা হয়েছে যে, মাদ্রাসাটি ২০২০ সালে আলিম স্তরে এমপিওভুক্ত হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১১.১৩(ক)বিধান মোতাবেক উক্ত মাদ্রাসার সুপারিনটেনডেন্ট জনাব বদরুল হককে অধ্যক্ষ পদে সমন্বয় করে ২০২০ সালের জুলাই মাসে এমপিও সীটে অধ্যক্ষ হিসেবে দেখানো হলেও আবেদনকারীকে (জনাব আ.জ.ম জমির উদ্দিন আহমদ) সহকারী সুপার হিসেবে দেখানো হয়েছে।

০৪. এ বিষয়ে আবেদনকারী ০২.০৯.২০২০ তারিখে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করেও কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে পত্রে জানানো।

০৫. এ প্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এ সম্পর্কে তথ্য জানা প্রয়োজন। সেসাথে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১১.১৩(ক)বিধান মোতাবেক উক্ত মাদ্রাসার সহকারী সুপারিনটেনডেন্ট জনাব আ.জ.ম জমির উদ্দিন আহমদ প্রতিকার পাওয়ার হকদার কিনা এ বিষয়েও ডিজি,ডিএমই এর মতামত প্রয়োজন।

০৪. এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়াদি বিবেচনায় নিয়ে বান্দরবান ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা এর সহকারী সুপার জনাব আ.জ.ম জমির উদ্দিন আহমদ কর্তৃক দাখিলকৃত আবেদনের (এমপিও সীট সংশোধন) প্রেক্ষিতে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা আগামী ১০.১ ২০২১ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৬(ছয়) পাতা।



৩০-১২-২০২০

সৈয়দ আসগর আলী  
সহকারী সচিব

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম  
তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০৫৯.২০.১১৪/১(৪)

তারিখ: ১৫ পৌষ ১৪২৭  
৩০ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের  
অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



৩০-১২-২০২০

সৈয়দ আসগর আলী  
সহকারী সচিব